


ভর্তি বিজ্ঞপ্তি
(এম এস ইন ফরেস্ট্রি)

খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিনে ২০১৭-২০১৮ইং শিক্ষাবর্ষে এম এস ইন ফরেস্ট্রি কোর্সে ভর্তির জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত আবেদন ফরম ও নিয়মাবলী অফিস চলাকালীন সময়ে আগামী ৩০/০৪/২০১৮ইং হতে ১৭/০৫/২০১৮ইং তারিখ পর্যন্ত ডিসিপ্লিন প্রধানের অফিস থেকে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে অগ্রণী ব্যাংক লিমিটেড, খুবি শাখা থেকে প্রধান, ফউটে ডিসিপ্লিনের অনুকূলে ১০০০/- (এক হাজার টাকা) মূল্যের ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে ফরেস্ট্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ক ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক /স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে। খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ku.ac.bd) থেকে ভর্তির সকল তথ্য পাওয়া যাবে।



প্রফেসর ড. মো: এনামুল কবীর
ডিসিপ্লিন প্রধান

ও

সভাপতি, এম এস ইন ফরেস্ট্রি ভর্তি কমিটি
প্রয়োজনে যোগাযোগ: ০১৭১৬৫৯০৮৬৯

ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন

ফউটে ডিসিপ্লিনের ২০১৭-২০১৮ইং শিক্ষাবর্ষে এমএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির নিয়মাবলী

ভর্তির যোগ্যতাঃ


- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে ফরেস্ট্রি বিষয়ক ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক /স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।
- প্রার্থীকে ৫০% নম্বরসহ কমপক্ষে দ্বিতীয় শ্রেণী অথবা ন্যূনতম (CGPA-২.৭৫) পেয়ে স্নাতক ডিগ্রীধারী হতে হবে।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই দরখাস্তের সাথে নিজ নিজ বিভাগীয় নিয়োগ কর্তার নিকট হতে এই মর্মে সনদ পত্র সংযোজন করতে হবে যে, অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদানের এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য প্রার্থীকে ২ (দুই) টার্ম ব্যাপী ১২ (বার) মাস সময়কাল ছুটি প্রদান করতে হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্র (ফরম) ডিসিপ্লিন প্রধানের অফিস হতে সংগ্রহ করতে হবে।
- ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি প্রদান করতে হবে।
- নাগরিকত্ব সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ডিসিপ্লিন প্রধান, ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর প্রদত্ত ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।

ভর্তি সংক্রান্ত তারিখ সমূহ		
১. আবেদন পত্র বিতরণ ও জমাদান	:	৩০/০৪/২০১৮ হতে ১৭/০৫/২০১৮
ভর্তি পরীক্ষা গ্রহণ	:	২৪/০৫/২০১৮খ্রি
পরীক্ষার ফলাফল প্রকাশ	:	২৪/০৫/২০১৮ খ্রি
ভর্তি গ্রহণ	:	২৪/০৬/২০১৮
কোর্স রেজিস্ট্রেশন	:	০১/০৭/২০১৮ হতে ০৫/০৭/২০১৮
জরিমানাসহ কোর্স রেজিস্ট্রেশন	:	০৮/০৭/২০১৮ হতে ১১/০৭/২০১৮
ক্লাশ শুরু	:	০১/০৭/২০১৮খ্রি.

উল্লেখ্য যে, ডিসিপ্লিন তথা বিশ্ববিদ্যালয়ের স্বার্থে ভর্তি কমিটি ভর্তি সংক্রান্ত বিষয়ে যে কোন পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা রাখে।


Prof. Dr. Md. Enamul Kabir
Head
Forestry & Wood Technology Discipline
Khulna University
Khulna-9208, Bangladesh.